

২.গ. মঙ্গলকাব্যগুলির রচনার পটভূমি লেখো। এই পটভূমি বিচারে কি এই সিদ্ধান্তে আসা যায় যে নিম্নবর্ণের সাংস্কৃতিক ভাববীজ ক্রমশ উচ্চস্তরে গ্রাহ্য হবার প্রক্রিয়াই মঙ্গলকাব্যগুলি রচনার প্রধান অভিমুখ। ৪+৬=১০

৩.ক. সংস্কৃত (Matter of Sanskrit) ও দেশীয় উপাদানগুলির (Matter of Bengal) পরস্পর আদান-প্রদানেই মধ্যযুগের বাংলা সাহিত্যের ভিত্তি তৈরি হয়েছে। মন্তব্যটি তুমি কীভাবে বিবেচনা করবে লেখো। ১০

অথবা

৩.খ. গৌড়ীয় বৈষ্ণবধর্ম ও দর্শন মধ্যযুগে বাঙালির নান্দনিক চেতনায় কীভাবে প্রভাব ফেলেছিল বলে তোমার মনে হয়? আলোচনা করো। ১০

৪.ক. বাংলার সুফিসাহিত্যে সুফি ধর্ম-দর্শনের ধ্রুপদি রূপটি যে বিশেষভাবে পাওয়া যায় না তার কারণ কী? বাংলা সুফিসাহিত্যের প্রধান ধারাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৩+৭=১০

অথবা

৪.খ. সংক্ষিপ্ত উত্তর দাও (দুটি) ২x৫=১০

(ক) বাংলা জঙ্গনামা

(খ) মর্সিয়া

(গ) শক্তিগীতিকা

(ঘ) জয়ানন্দের 'চেতন্যমঙ্গল'

— x —

স্নাতকোত্তর অন্ত্য সেমিস্টার পরীক্ষা, ২০১৮

(প্রথম বর্ষ, প্রথম সেমিস্টার)

বিভাগ - বাংলা

সাহিত্য-সংস্কৃতির ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

কোর্স পি.জি. - ১.২

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও ৩টি প্রশ্নের উত্তর দাও।

১.ক. প্রাচীনযুগে বঙ্গভাষী অঞ্চলে রচিত সংস্কৃত কাব্যের অনুসৃতি মধ্যযুগের বাংলা সাহিত্যে কীভাবে ঘটেছে তা দৃষ্টান্তসহ সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

১.খ. সেন আমলের বাংলাদেশে আদিরসান্বিত কৃষ্ণকথা রচনার পটভূমি ও রচনার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫+৫=১০

২.ক. তুর্কি আক্রমণের ঐতিহাসিক পটভূমি সংক্ষেপে উল্লেখ করো। এই আক্রমণ বাংলার সমাজ-সংস্কৃতিতে যে প্রতিক্রিয়া তৈরি করেছিল তা আলোচনা করো। ৪+৬=১০

অথবা

২.খ. বাংলা সাহিত্যে অনুবাদধর্মী রচনাগুলি বিকাশের কারণ উল্লেখ করো। এর পেছনে বাঙালি জাতির গড়ে ওঠা কীভাবে কাজ করেছে বলে তুমি মনে কর? ৩+৭=১০

অথবা